দৈনিক ইত্তেফাক

তারিখ 25 DEC 1993
পৃষ্ঠা ৭ কলাম ৮

## ছাত্র সংঘর্ষের পর ধামরাই সরকারী কলেজ বন্ধ ঘোষণা

সাভার সংবাদদাতা ॥ গত দুইদিন কয়েকদফা ছাত্র সংঘর্ষের পর গতকাল হইতে ধামরাই সরকারী কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। বৃহস্পতিবার কলেজ ক্যাম্পাসে

(শেষ পৃ: ৬-এর কঃ দ্রঃ)

## ছাত্র সংঘর্ষের পর

(১ম পৃঃ পর)

নব-নির্বাচিত ভিপি জাতীয় ছাত্র সমাজের মোখলেছুর রহমানের উপর কতিপয় ছাত্র হামলা চালায় ইহাতে মোখলেছসহ ৪জন ছাত্র আহত হয়। এই ঘটনার জের হিসাবে ধামরাই কলেজে ও আশেপাশে সংঘর্ষে ১৪/১৫ জন ছাত্র আহত হয়। কলেজ পরিচালনা কমিটির বৈঠকে সকল পরীক্ষাও স্থগিত ঘোষণা করা হইয়াছে।